বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/৩৭

তারিখ: ১৩ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
২৮ আগস্ট ২০২৪ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

৯১৬ তম জরুরী কমিশন সভা অদ্য ২৮/০৮/২০২৪ তারিখে কমিশনের সভা কক্ষে বিএসইসি চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে:-

১। বর্তমানে ৬টি তালিকাভুক্ত কোম্পানিতে ফ্লোর প্রাইস বিদ্যমান রয়েছে। আলোচ্য সভায় বাংলাদেশ এক্সপোর্ট ইমপোর্ট কোম্পানি লিমিটেড (বেক্সিমকো) এবং ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড ব্যতীত বাকি ৪ টি কোম্পানির ফ্লোর প্রাইস উঠিয়ে নেওয়ার সিদ্ধান্ত হয় যা অবিলম্বে কার্যকর হবে। ফ্লোর প্রাইস উঠিয়ে নেওয়া কোম্পানিগুলোর ক্ষেত্রে সার্কিট ব্রেকার সংক্রান্ত কমিশনের নির্দেশনা বিএসইসি/সার্ভেইল্যান্স/২০২০-৯৭৫/২১৯; তারিখ: ১৭ জুন ২০২১ পুনর্বহাল করার সিদ্ধান্ত গৃহীত হয়।

২। জাতীয় টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার (এনটিএমসি) এর সঙ্গে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরের প্রস্তাব বাতিলসহ এসংক্রান্ত আর্থিক প্রতিষ্ঠান বিভাগে বিএসইসি কর্তৃক প্রেরিত চিঠি প্রত্যাহারের সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের 'দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রম' এর শুভেচ্ছা দূত হিসেবে ক্রিকেটার জনাব সাকিব আল হাসান এর নিযুক্তি বাতিলের সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। পুঁজিবাজারের যেসকল ইস্যুয়ার কোম্পানি বিধি মোতাবেক নির্দিষ্ট সময়ের মধ্যে ঘোষিত লভ্যাংশ বা ডিভিডেন্ড প্রদান করেনি তাদের বিরুদ্ধে অবিলম্বে আইনানুগ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্তও সভায় গৃহীত হয়।

৫। কাজাখস্তানের আর্থিক নিয়ন্ত্রক সংস্থার সাথে স্বাক্ষরের জন্য খসড়া সমঝোতা স্বারক(MoU)টিতে মন্ত্রণালয় হতে অনুমোদনের বিষয়টি আলোচ্য সভায় অনুমোদিত হয়েছে। আলোচ্য দ্বিপাক্ষিক সমঝোতা স্মারকে পারস্পারিক তথ্য বিনিময়, দক্ষতার উন্নয়নসহ যেসকল বিষয়াদি রয়েছে তা উভয়দেশের পুঁজিবাজারের উন্নয়নে বিভিন্ন কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নে সহায়ক হবে মর্মে প্রতীয়মান হয়। যেহেতু দুই পক্ষের মধ্যে কোন মতবিরোধ হলে নিজস্ব আইনকানুন প্রযোজ্য হবে মর্মে সমঝোতা স্মারকে উল্লেখ আছে, তাই এর শর্ত পালনে কোন সমস্যা হওয়ার সম্ভাবনা নেই। এছাড়া, বিশ্বের আরও ৫টি পুঁজিবাজার বা আর্থিক নিয়ন্ত্রক সংস্থার সাথে বিএসইসি ইতোপূর্বে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন ১৯৯৩ এর ৮(২)(ঝঝঝ) ধারা মোতাবেক সরকারের পূর্বানুমোদনক্রমে দ্বিপাক্ষিক সমঝোতা স্বারক(MoU) স্বাক্ষর করেছে। এখানে উল্লেখ্য সে, সকল সমঝোতা স্মারকে একই ধরণের শর্তাবলীর উল্লেখ রয়েছে।

২৮/০৮/২০২৪
ফারহানা ফারুকী
পরিচালক ও মুখপাত্র